

৪. সুকুমার রায়ের ‘আবোল তাবোল’, ‘খাই-খাই’, ‘হ য ব র ল’, ‘পাগলা দাশু’ বইগুলিতে ছোটদের এক নিজস্ব পরিসর গড়ে ওঠে, যা বাংলা শিশু-কিশোর সাহিত্যে দুর্লভ। – মন্তব্যটি তোমার কাছে কতদূর গ্রহণযোগ্য? ১০

৫. ‘যুবালোক’, ‘বালক-বালিকা’, ‘ছোট’, ‘শিশু’ – উদ্ভিষ্টের এই ধরনের নানা পরিচয়ের উল্লেখে উনিশ শতকের বাংলা শিশু-কিশোর পত্রিকাগুলি প্রকাশিত হয়েছিল। উদ্ভিষ্টের এই পরিচয় পত্রিকাগুলির বৈশিষ্ট্যকে কীভাবে নির্ধারণ করেছিল? ১০

অথবা

৬. টীকা লেখো ৫X২=১০  
(ক) সন্দেশ  
(খ) রংমশাল

৭. জীবজন্তুরা বাঁচে নিজের জন্য আর মানুষ বাঁচে অন্যের জন্য। বাংলার শিক্ষকের কাছে এই কথা শোনার আগেই চারমূর্তির কাজকর্মে এরকম জীবনদর্শনের পরিচয় মেলে, টেনিকে নিয়ে হাসি-মশকরার মধ্যেও ‘চারমূর্তি’তে জীবনের বোঝাপড়া গুরুত্বপূর্ণ হয়ে ওঠে। মন্তব্যটি কি তুমি মানবে?

অথবা

৮. ‘ভোসোল সর্দার’-কে কি অভিযান কাহিনি হিসেবে পড়া যায়? আলোচনা করো। ১০

স্নাতকোত্তর অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০১৮

(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেস্টার)

বাংলা

বাংলা শিশু-কিশোর সাহিত্য

কোর্স পি.জি - ৪.৫৬এ

সময় ২ ঘন্টা

পূর্ণমান ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. ‘শৈশব আদতে এক সামাজিক নিমিত্তি’ -- মন্তব্যটি বিচার করো। আধুনিক বাংলা শিশুসাহিত্যে এই নিমিত্তির কোনো রকমফের দেখ কি? তোমার মত যুক্তি ও উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও। ৪+৬=১০

অথবা

২. তোমার কি মনে হয় শিশু-কিশোর সাহিত্য আলোচনার কোনো স্বতন্ত্র মাপকাঠি থাকা উচিত? যুক্তি দিয়ে তোমার মত প্রতিষ্ঠা করো। ১০

৩. ‘বর্ণপরিচয়’ আর ‘সহজ পাঠ’ – শিশু শিক্ষার দুই ভিন্ন আদল তৈরি করে, যা থেকে শিশুদের প্রতি সামাজিক মনোভাবেরও দুই পৃথক আদর্শের ধারণা পাওয়া যায়। – মন্তব্যটি বিচার করো। ১০

অথবা